মেহেরপুরের বারাদীতে সাংবাদিক সম্মেলন

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানোর প্রতিবাদে সাংবাদিক সম্মেলন করেছে মেহেরপুর সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী মেম্বার ।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে বারাদী ইউনিয়ন বিএনপি কার্যালয়ে এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

জানা যায়, বেশ কয়েক মাস যাবত একটি কুচক্রী সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী সহ বারাদী ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা আঃ হালিম ও রিপন আহমেদ এর নামে উদ্দেশ্য প্রণোদিত ভাবে বিভিন্ন ধরনের ছবি পোস্ট করে। গত কয়েকদিন আগে ফেসবুকে রুকাইয়া আফরিন নামের একটি আইডি থেকে বিএনপি’র এই সকল নেতাদের নামে চাঁদাবাজি নির্মাণ শ্রমিককে মারধর বারাদী খামারে শ্রমিক নিয়োগের বাণিজ্য দখলবাজি নকল সিগারেট বিক্রি ও মাদক ব্যবসা ইত্যাদি বিষয় নিয়ে একটি পোস্ট করা হয় । এরই প্রতিবাদে সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী সাংবাদিক সম্মেলন করেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, কতিপয় কুচক্রী মহল সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ভুয়া আইডি খুলে আমার বিরুদ্ধে মিথ্যা ও মানহানিকর পোস্ট করে আমার ইমেজ ক্ষুন্ন করার মিথ্যা অপচেষ্টা চালাচ্ছে। এবং বারাদী ইউনিয়নবাসীর সামনে আমাকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হচ্ছে। আমার বিরুদ্ধে যে প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে তা সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন যা আমার জন্য বিব্রত কর। আমি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ আনা হয়েছে তার সাথে আমার কোন সম্পৃক্ততা নেই। একজন নির্মাণ শ্রমিককে ভয়-ভীতি দেখিয়ে তাকে ইঞ্জিনিয়ার সাজিয়ে জোরপূর্বক মিথ্যা স্বীকারোক্তি মূলক অডিও ক্লিপ বানিয়ে চাঁদাবাজির অভিযোগ করেছে। আমাকে সমাজের চোখে অপরাধী বানানোর জন্য আমার মান-সম্মান নষ্ট করার জন্য আমাকে মাদক ব্যবসায়ী বলে অপপ্রচার চালাচ্ছে। আমি কোন ধরনের নেশা মাদকদ্রব্যের সাথে সম্পৃক্ত নয় আমার বিরুদ্ধে মিথ্যা প্রোপাকাণ্ড ছড়ানো হয়েছে।

মেহেরপুর সদরের বারাদী বিএডিসি ফার্মে শ্রমিক নিয়োগ দিয়ে অর্থ বাণিজ্য নিয়ে মিথ্যাচার করা হয়েছে। সুপ্রিয় সাংবাদিকবৃন্দ আপনারা বিএডিসিতে কাজে নিয়োজিত শ্রমিকদের কাছে সরেজমিনে পরিদর্শন করে খোঁজ নিয়ে দেখতে পারেন । আমি এইগুলোর সাথে জড়িত কি না? যারা আমার বিরুদ্ধে মিথ্যাচার করছে তারা পরাজিত শক্তি, তারা অপরাজনীতি শুরু করেছে। অতীতে আওয়ামী প্রতিহিংসার শিকার হয়ে আমি মামলা হামলার শিকার হয়েছি। এখনো আমাকে সেই স্বৈরাচারের দোসররা বিভিন্নভাবে পরাজিত করতে বিএনপি’র ঊর্ধ্বতন নেতাদের কাছে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছে। আমাকে যেন দল থেকে বহিষ্কার করা হয়। সেজন্য আমার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বিভিন্ন ধরনের অপপ্রচার চালাচ্ছে।

এর আগেও আমার বিরুদ্ধে এই ধরনের মিথ্যা অপপ্রচার ছড়ানো হয়েছিল। আমি মেহেরপুর সদর থানায় এ বিষয়ে একটি সাধারণ ডায়েরি করেছি। তারপরেও তারা একের পর এক মানহানিকর মিথ্যা প্রোপাগান্ডা ছড়াচ্ছে। আমি আপনাদের মাধ্যমে মেহেরপুর জেলা বাসীর নিকট আবেদন জানায়, আমার বিরুদ্ধে এই ধরনের গুজব মিথ্যা প্রোপাগান্ডা মূলক কোনো ফেসবুক পোস্ট আপনারা বিশ্বাস করবেন না। এগুলোর সাথে আমি জড়িত নই বা এই ধরনের কাজের সাথে আমার কোন সম্পৃক্ততা নাই। তিনি আরো বলেন, আমি ইউনিয়ন পর্যায়ে নির্বাচন করার ইচ্ছা পোষণ করেছি। আমার জনপ্রিয়তায় তারা ঈর্ষান্বিত হয়ে সামাজিকভাবে আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এই ধরনের মিথ্যা অপপ্রচার চালিয়ে আসছে। আমি এর তীব্র নিন্দা জানাচ্ছি সেই সাথে এই কুচক্রীদের আইনের আওতায় এনে কঠোর শাস্তির আবেদন জানাচ্ছি।

এ সময় উপস্থিত ছিলেন প্রবীণ বিএনপি নেতা মীর আবুল হাশেম, বিএনপি নেতা নাসির উদ্দিন মেম্বার, কামরুজ্জামান মুকুল মেম্বার, আফারুল ইসলাম ডাবলু, আশরাফুজ্জামান আলিহিম মেম্বার, ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদ, যুবদল নেতা দেওয়ান শফিকুল ইসলাম শফি, শ্রমিক ইউনিয়ন নেতা শফিকুল আজম সহ বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরের বারাদীতে প্যানেল চেয়ারম্যান নিয়ে ষড়যন্ত্র, ইউনিয়ন বিএনপি প্রতিবাদ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউপি চেয়ারম্যান গত ৫ই আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সংগ্রামের পর থেকে পলাতক। পরবর্তীতে সরকারিভাবে চেয়ারম্যানকে অব্যাহতি দেয়া হয়। এরপর থেকে প্রশাসক নিয়োগের মাধ্যমে পরিষদের দাপ্তরিক কার্যক্রম চলমান থাকলেও স্থানীয়ভাবে ইউনিয়নবাসী বিভিন্ন রকম সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে এবং ভোগান্তির শিকার হচ্ছে দিনের পর দিন। এ নিয়ে প্যানেল চেয়ারম্যান নির্বাচনকে কেন্দ্র করে ষড়যন্ত্রের প্রতিবাদে সমাবেশ করেছে ইউনিয়ন বিএনপি ও জনসাধারণ।

আজ বৃহস্পতিবার বিকেলে বারাদী ইউপি কার্যালয় প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। ইউনিয়ন বিএনপির প্রবীণ নেতা আবুল হাশেমের সভাপতিত্বে প্রধান বক্তা ছিলেন সদর থানা যুবদলের সভাপতি লিয়াকত আলী মেম্বার।

প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, প্যানেল চেয়ারম্যান নির্বাচন নিয়ে বিএনপি’র একটি কুচক্রী মহল ব্যক্তিগত স্বার্থ হাসিল ও আত্মসিদ্ধির জন্য আওয়ামীলীগ সমর্থিত ৪ নং ওয়ার্ড সদস্যকে প্যানেল চেয়ারম্যান বানানোর পাঁয়তারা করছে। সারাদেশের আপমর জনতা যখন আওয়ামী দুঃশাসনে নির্যাতিত নিপীড়ত হয়ে রাজপথে আন্দোলন সংগ্রামের মাধ্যমে শেখ হাসিনা সহ তার দোসরদের দেশ থেকে বিতাড়িত করেছে সেখানে বিএনপি’র কতিপয় দালাল আওয়ামী লীগের মেম্বারকে সমর্থন দিয়ে পুরো জাতির সঙ্গে বেইমানি করছে। আমরা তা হতে দেব না, আমরা শক্ত হাতে তা প্রতিহত করব। বারাদী ইউনিয়ন পরিষদ আওয়ামীলীগ সমর্থিত মেম্বার পরিচালনা করবে এটা আমাদের জন্য লজ্জাজনক। ইউনিয়ন বাসীর প্রাণের দাবী বারাদী ইউনিয়নের একমাত্র বিএনপি সমর্থিত মেম্বার কামরুজ্জামান মুকুলকে আমরা প্যানেল চেয়ারম্যান হিসেবে দেখতে চাই।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সাবেক ইউপি সদস্য আশরাফুজ্জামান আলিহিম মেম্বার, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা শফি আহমেদ শফি, ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মহাম্মদ, ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি সোহানুর রহমান যুবদল নেতা আসলাম আলী বিএনপি

নেতা আইয়ুব আলী।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক আলমগীর কবির জয়নাল। এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃৃন্দরাও ।

বারাদীতে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল

স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতন ঘটাতে অংশ গ্রহণকৃত বীর শহীদদের আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের সকল মসজিদে জুম্মা বাদ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

একনায়কতন্ত্রী মনোভাবে দেশ পরিচালনা, জুলুম নির্যাতন ও শেখ হাসিনার স্বৈরাচারী রাষ্ট্র পরিচালনা এবং কোটা সংস্কারের বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে দেশের হাজার হাজার শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। তাতে জুলুম বাজ সরকারের মদদপুষ্ট পুলিশ বাহিনীর হাতে নির্বিচারে নিহত হন আন্দোলনকারী শিক্ষার্থী ও সাধারণ মানুষ।

দেশকে দ্বিতীয়বারের মতো স্বাধীন করতে যেসকল বীর সৈনিকেরা অকাতরে প্রাণ বিসর্জন দিয়েছেন সেই সকল বীর শহীদদের আত্মার মাগফেরাত, আহত অবস্থায় চিকিৎসাধীন সকলের আশু রোগমুক্তি কামনা ও সদ্য স্বাধীনতা প্রাপ্ত দেশের মঙ্গল কামনায় দোয়া করা হয়।

বারাদী ইউপি চেয়ারম্যান মমিনসহ ১৩ জনের বিরুদ্ধে অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউপি চেয়ারম্যান মমিনুল ইসলাম মসিনসহ ১৩ জনের বিরুদ্ধে সাধারণ ভোটারদের ভোট কেন্দ্রে উপস্থিত না হওয়ার জন্য হুমকি প্রদান করে আতংক সৃষ্টি করার অভিযোগ করেছেন মোঃ সালেহ আল আজিজ টনিক বিশ্বাস।

বিষয়টি নিয়ে তিনি মেহেরপুর জেলা প্রশাসক জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে অভিযোগ করেছেন।

গত ৩ জানুয়ারি বুধবার মেহেরপুর জেলা প্রশাসক ও জেলার রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে লিখিত অভিযোগ পত্রটি দাখিল করেন। অভিযোগ পত্রটি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট গ্রহণ করেছেন। যার ডকেট নম্বর ১৭৫, তারিখ ৩ জানুয়ারি।

লিখিত অভিযোগে বলা হয়েছে, তিনি সতন্ত্র প্রার্থী প্রফেসর আবদুল মান্নানের (ট্রাক প্রতীকের) ০৭ নম্বর বারাদী ইউনিয়নের নির্বাচন পরিচালানা কমিটির আহবায়ক। ইউনিয়নের বিভিন্ন গ্রামে নৌকার প্রতীকের পক্ষের নেতা ও মেম্বার গণ সাধারণ ভোটারদের ভোট

কেন্দ্রে উপস্থিত না হওয়ার জন্য হুমকি দিয়ে পুরা এলাকায় আতংক সৃষ্টি করে ফেলেছে।

লিখিত অভিযোগে তিনি অভিযুক্ত করেছেন, মোমিন চেয়ারম্যান সহ পাটকেলপোতা গ্রামের মোঃ রানা, রাজনগর ১ নম্বর ওয়ার্ডের মোঃ মুক্তি, রাজনগর শেখপাড়ার ওলিল ও শফি মেম্বার, আইনাল, হাসানাবাদ কলোনীর মামুন ও রবিন, মোমিনপুরের কালু মেম্বার, সিংহাটি পশ্চিমপাড়ার মোঃ সিদ্দিক ও কামাল, নতুন দরবেশপুরের মোঃ জাকির হোসেন লিটন মেম্বার এবং সিংহাটি পূর্বপাড়ার সুলতান মেম্বরকে। লিখিত অভিযোগে তিনি অনুরোধ করেন ভোট কেন্দ্রে ভোটার উপস্থিতি বাড়ানো ও আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য।

টনিক বিশ্বাস অভিযোগ করে বলেন, অভিযোগ দাখিল ২৪ ঘন্টা পার হয়ে গেলেও তার অভিযোগের প্রেক্ষিতে কোন ব্যবস্থা নেয়া হয়নি। তাই বাধ্য হয়ে তিনি নিজেই অভিযোগের অনুলিপি জেলা পরিষদ, পুলিশ সুপারের কার্যালয় ও গোয়েন্দা সংস্থায় দিয়ে এসেছেন।

মেহেরপুরের বারাদীতে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশনের আয়োজনে ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার দিকে বারাদীর তৃণমূল মডেল একাডেমীতে,গনসাক্ষরতা অভিযানে সহায়তায় মানক উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সভাপতি আইনাল হকের সভাপতিত্বে ওয়াচ

গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

আরো বক্তব্য রাখেন বারাদী ইউনিয়নের ওয়াচ গ্রুপের সহ-সভাপতি গোলাম মোস্তফা শান্তি,ওয়াচ সদস্য ছাকন উদ্দিন, সমাজসেবক বুলবুলি খাতুন ও আনোয়ার, সাংবাদিক সাইফুল ইসলাম প্রমুখ।

এসময় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূরকরণ,প্রান্তিক শিশুদের বিদ্যালয়ে ফেরানোর, ঝরেপড়া শিশুদের বিদ্যালয়ে ফেরানোর চেষ্টা করা, জনগোষ্ঠির শিশুদের বিষয়ে নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। অনুষ্ঠাটির স্বার্বিক দায়িত্বে ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রম এর সহকারী প্রোগ্রাম অফিসার মোছাঃ আফরোজা আক্তার।

মেহেরপুরের বারাদীতে জনপ্রতিনিধিদের সাথে ওয়াচ গ্রুপের যৌথ সভা

প্রাথমিক শিক্ষার মানউন্নয়ন, ঝরেপড়া রোধ ও সবার জন্য মান সম্মত শিক্ষা নিশ্চিত করতে ইউনিয়ন জন প্রতিনিধিদের সাথে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আজ রবিবার সকাল ১০টার দিকে মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের হলরুমে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন বারাদী ইউনিয়নের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোমিনুল ইসলাম।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত অনুষ্ঠানে অত্র এলাকার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বর্তমান পড়ালেখাতে সার্বিক অবস্থা, ভর্তির হার শতভাগ নিশ্চিত করা-ঝরে পড়া রোধ সহ বিদ্যালয়ে অংশ গ্রহন বৃদ্ধিতে আলোচনা করা হয়।

এ সময় সভায় আরো বক্তব্য রাখেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর সদস্য ছাকন উদ্দিন, বুলবুলি খাতুন, ফারজানা খাতুন ও নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামারে দ্বিতীয় দিনের শ্রমিক ধর্মঘট চলছে

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামার (বিএডিসি) কৃষি খামারে বিভিন্ন দাবি বাস্তবায়নের লক্ষ্যে অবস্থান ধর্মঘট,মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

এর আগে শুক্রবার সকাল সাড়ে ৬ টায় ১০ দিনব্যাপি বারাদী খামার চত্তরে শ্রমিক ইউনিয়নের উদ্যোগে দ্বিতীয় দিনের শ্রমিকদের বেতন বৃদ্ধি, নিয়মিতকরণ ও বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান সহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে বারাদী খামারের শ্রমিকেরা এ কর্মসূচি পালন করে।

বাংলাদেশ কৃষি খামার শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার বলেন, কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বেশ কিছু প্রতিষ্ঠান সরকারি সকল সুবিধা পেলেও কৃষি খামার শ্রমিকেরা সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। একই প্রতিষ্ঠানে দীর্ঘদিন কাজ করেও শ্রমিকদের বেতন বাড়ছে না, তাদের নিয়মিত করণ করা হচ্ছে না, সরকারি কর্মকর্তারা ইচ্ছেমাসিক শ্রমিক ছাটাই ও কাজ দিচ্ছেন, শ্রমিকেরা ছুটি ভোগ করতে পারে না, চিকিৎসা ভাতা পায় না এই সকল দাবি বাস্তবায়নের লক্ষ্যে কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশন ১৩ দফা দাবি আদায়ে কর্মসূচি গ্রহণ করেছে।

বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি আলতাব হোসেন বলেন, কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দাবী আদায়ের লক্ষ্যে দশ দিনব্যাপী আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময় বক্তব্য রাখেন

শ্রমিক নেতা শাহাবুদ্দিন, আব্দুর রশিদ, মিঠুন আলী, সাবিরুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সহ-সভাপতি আজগার আলী খোকন, সাধারণ সম্পাদক কাজী আলম, আলিমদ্দীন, আক্তার হোসেন, মিনহাজ উদ্দীন, জিয়া, সামাদ, রফিকসহ আরও অনেকে।

মেহেরপুরের বারাদীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

মেহেরপুরের বারাদীতে উত্তম গ্রাহক সেবায় প্রত্যয়ে পূর্ণাঙ্গ ব্যাংকিং সুবিধা নিয়ে আইএফআইসি ব্যাংকের ১০১৪তম উপশাখার উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১২ টায় বারাদী বাজারের আন্নাচ নিউ মার্কেট দ্বিতীয় তলায় আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন করা হয়। বারাদী বাজার উপশাখার ম্যানেজার সোহরাব হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা শাখার অফিসার এস এম সাব্বির আহমেদ, বারাদী উপশাখার ইনচার্জ ইমরান হোসেন, টিএসও মনিলুর রহমান।এছাড়া উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সভাপতি হাজী লিয়াকত আলী সর্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান, বারাদী বাজারের ব্যবসায়ীসহ অত্র এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বারাদীতে খড়ি কুড়াতে গিয়ে

প্রাণ হারালেন রশিদা

বাড়ির পাশে ফার্নিচারের কারখানাতে খড়ি কুড়াতে গিয়ে বিদ্যুৎস্পৃট হয়ে নিথর হলেন রশিদা খাতুন (৫৫)।
নিহত রশিদা খাতুন মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের জামে মসজিদের মোয়াজ্জিন আলী মোহাম্মদ এর স্ত্রী।
আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৫ টার দিকে মারা যান তিনি।
স্থানীয়রা জানান, ওই নারী ভোররাতের দিকে বাড়ির পাশে মামুনের ফার্নিচারের কারখানার ভিতরে খড়ি কুড়াতে যান। কাঠের ডিজাইন কাটা মেসিনের পাশের খড়ি নিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান।
ভোরবেলায় মুসুল্লিরা নামাজ পড়ে আসার পথে রশিদা খাতুন এর মরদেহটি দেখতে পান। পরিবারের লোকজন মরদেহটি উদ্ধার কর হয়।
মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

জালভোট দিতে পাশের ইউনিয়নের নারী সদস্য আটক

জাল ভোট দিতে এসে আটক হয়েছেন ধানখোলা ইউনিয়নের সংরক্ষিত নারী সদস্য সুফিয়া খাতুন ।
মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদী ইউনিয়নের কলাইডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে তাকে জাল ভোট দেয়ার চেষ্টার অভিযোগে আটক করেন কর্তব্যরত পুলিশ।
পরে তাকে বারাদী ইউনিয়নের দা্য়ীত্বে নিয়োজিত জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলামের এর কাছে সোপর্দ করেন।আটক সুফিয়া খাতুনের বাড়ি গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামে। ভোট কেন্দ্রে প্রায় আধা ঘন্টা অবস্থান করে নৌকার প্রার্থী মোমিনুল কে জাল ভোট দেয়ার চেষ্টা করেন সে।
জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।